

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড  
প্রবাসী কল্যাণ ভবন, রমনা, ঢাকা-১০০০  
[www.wewb.gov.bd](http://www.wewb.gov.bd)

নং-৪৯.০৪.০০০০.০০৪.১৮.১১৬.১৮- ৪৯২

তারিখ: ২৫ জুন ২০১৯

বিষয় : ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের মে ২০১৯ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।  
সভাপতি : গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি  
মহাপরিচালক (অতিরিক্ত সচিব), ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড।  
স্থান : ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড এর সম্মেলন কক্ষ।  
তারিখ ও সময় : ১৭ জুন ২০১৯, সময় : সকাল- ১০.০০ টা।  
উপস্থিতি : পরিশিষ্ট “ক”।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর, সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) গত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন এবং বিগত সভার কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ হওয়ায় তা দৃষ্টিকরণ করা হয়। বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা হয় এবং বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

ক্রম	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
১.০	আর্থিক অনুদান ও ক্ষতিপূরণ সংক্রান্ত।	প্রবাসী কর্মীর পরিবারকে ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড হতে আর্থিক অনুদান ও বিদেশস্থ নিয়োগকর্তার নিকট হতে প্রদত্ত মৃত্যুজনিত ক্ষতিপূরণ, বকেয়া বেতন ও অন্যান্য পাওনাদি বিতরণ সংক্রান্ত নির্ধারিত “ছক” অনুযায়ী বিগত মে ২০১৯ মাসের প্রাপ্ত তথ্যের উপর বিস্তারিত আলোচনা হয়।	প্রাপ্ত কেইসের চেয়ে নিষ্পত্তির পরিমাণ আরো বৃদ্ধি করতে হবে।	পরিচালক (অর্থ ও কল্যাণ) ও পরিচালক (আইআরপি)
২.০	১৬-২০তম গ্রেডের কর্মচারীদের অফিস কর্তৃক প্রদত্ত পোষাক ব্যবহার	১৬-২০তম গ্রেডের কর্মচারীগণ অফিস কর্তৃক প্রদত্ত পোষাক ব্যবহার না করায় এ বিষয়ে সংশ্লিষ্ট উপ-পরিচালক ও শাখার কর্মকর্তাগণ তদারকি করার জন্য মহাপরিচালক মহোদয় নির্দেশনা প্রদান করেন।	কর্মকর্তাদের অধীনস্থ কর্মচারীদেরকে অফিস কর্তৃক প্রদত্ত পোষাক বাধ্যতামূলক ব্যবহার করার বিষয়টি নিশ্চিত করবেন এবং এ বিষয়ে সংশ্লিষ্ট উপ-পরিচালকগণ তদারকি করবেন।	পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)
৩.০	প্রবাসী কর্মীর সন্তানদের উচ্চ শিক্ষায় উদ্বুদ্ধ করার জন্য ফেলোশীপ (এমফিল ও পিএইচডি) প্রদান।	আগামী ২০১৯-২০২০ অর্থ বছরে প্রবাসী কর্মীর সন্তানদের উচ্চ শিক্ষায় উদ্বুদ্ধ করার লক্ষ্যে ফেলোশীপ (এমফিল ও পিএইচডি) ডিগ্রী প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহাপরিচালক নির্দেশনা প্রদান করেন।	আগামী ২০১৯-২০২০ অর্থ বছরে প্রবাসী কর্মীর সন্তানদের উচ্চ শিক্ষায় উদ্বুদ্ধ করার লক্ষ্যে ফেলোশীপ (এমফিল ও পিএইচডি) ডিগ্রী প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পরিচালক (আইআরপি)
৫.০	ইএফটিএন/ রকেট এর মাধ্যমে সেবা গ্রহিতার নিকট অর্থ বিতরণের সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি ডিইএমওকে অবহিতকরণ।	ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড হতে প্রদত্ত আর্থিক অনুদানসহ অন্যান্য সেবাসমূহ বিএফটিএন/ রকেটের মাধ্যমে সেবা গ্রহিতাদের নিকট সরাসরি অর্থ প্রেরণ প্রদান করা হয়। ফলে অর্থ প্রদানের বিষয়ে জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (ডিইএমও) অবহিত নয়। বিএফটিএন/ রকেটের মাধ্যমে সরাসরি সেবা/ অর্থ প্রেরণের বিষয়টি জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (ডিইএমও)কে অবহিত করা প্রয়োজন। এমতাবস্থায়, বিএফটিএন/ রকেট এর মাধ্যমে সেবা গ্রহিতাদের নিকট সরাসরি অর্থ প্রেরণ সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি ডিইএমওকে অবহিতকরণের নির্দেশনা প্রদান করেন।	ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড হতে প্রদত্ত আর্থিক অনুদানসহ অন্যান্য সেবাসমূহ বিএফটিএন/ রকেট এর মাধ্যমে সেবা গ্রহিতাদের নিকট সরাসরি অর্থ প্রদান সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (ডিইএমও) কে অবহিত করতে হবে।	পরিচালক (সকল)

